

## 1202 - স্ত্রী সহবাসকালে কি পড়তে হয়

---

### প্রশ্ন

আমার প্রশ্নটির বিভিন্নরকম উত্তর পাওয়া যায়। সহবাসকালে কোন কিছু পড়া কি আবশ্যিকীয়? প্রথমবার সহবাস করার পূর্বে নামায পড়া কি মুসলিম স্বামী-স্ত্রীর উপর আবশ্যিকীয়?

### প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। ইসলামী আদব হচ্ছে কোন মুসলিম তার স্ত্রীর সাথে সহবাস করার পূর্বে নিম্নোক্ত বাক্যটি পড়বে, “বিসমিল্লাহ্। আল্লাহুম্মা জান্নিবনাশ শায়তান ও জান্নিবিশ শায়তানা মা রাযাকতানা” (আল্লাহর নামে শুরু করছি। হে আল্লাহ, আমাদেরকে শয়তান হতে বাঁচান এবং আমাদেরকে যদি কোন সন্তান দেন তাকেও শয়তান হতে বাঁচান) [সহিহ বুখারী, ফাতহুল বারি হাদিস নং ১৩৮] এই দোয়াটি পড়ার উপকার হচ্ছে- যদি এই সহবাসের মাধ্যমে আল্লাহ কোন সন্তান দান করেন তাহলে শয়তান তার কোন ক্ষতি করতে পারবে না। আর বাসর রাতে বর কনেকে কি বলবে সেটা ইতিপূর্বে (854 ) নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে।